# গফরগাঁও উপজেলা শিক্ষা সহায়তা ট্রাস্ট গঠনতন্ত্র ও পরিচালনা নির্দেশিকা, ২০২৬

## ১। প্রস্তাবনা

যেহেতু, গফরগাঁও উপজেলার দরিদ্র, মেধাবী, অসহায়, প্রতিবন্ধী, এতিম, ভূমিহীন, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত এবং অন্যান্য সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের শিক্ষা গ্রহণে আর্থিক সহায়তা প্রদান, শিক্ষা উপকরণ সরবরাহ, উপবৃত্তি প্রদান, দক্ষতা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন এবং শিক্ষার সার্বিক প্রসারে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, ব্যক্তি ও সমাজের বিত্তশালী শ্রেণির অংশগ্রহণ নিশ্চিত করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং যেহেতু উক্ত উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে একটি সুশাসিত, জবাবদিহিমূলক ও টেকসই তহবিল গঠন এবং উহার যথাযথ ব্যবস্থাপনা ও পরিচালনার জন্য একটি প্রাতিষ্ঠানিক কাঠামো প্রণয়ন করা প্রয়োজন; সেহেতু নিম্নবর্ণিত বিধানাবলি প্রণয়ন করা হল, যা **"গফরগাঁও উপজেলা শিক্ষা সহায়তা ট্রাস্ট গঠনতন্ত্র ও পরিচালনা নির্দেশিকা, ২০২৬"** নামে অভিহিত হইবে।

## ২। সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও কার্যকারিতা

১. এই নির্দেশিকা **"গফরগাঁও উপজেলা শিক্ষা সহায়তা ট্রাস্ট গঠনতন্ত্র ও পরিচালনা নির্দেশিকা, ২০২৬"** নামে অভিহিত হবে।

২. গফরগাঁও উপজেলার স্থায়ী বাসিন্দাদের সন্তান, যারা প্রাথমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, কারিগরি, মাদ্রাসা, কওমি মাদ্রাসা এবং উচ্চশিক্ষা পর্যায়ে অধ্যয়নরত, তাদের ক্ষেত্রে এই নির্দেশিকা প্রযোজ্য হবে।

৩. এই নির্দেশিকা জারির তারিখ হতে কার্যকর হবে।

## ৫। ট্রাস্টি বোর্ডের ক্ষমতা ও কার্যাবলি

বোর্ডের ক্ষমতা ও কার্যাবলি নিম্নরূপ হবে-

ক) দরিদ্র, মেধাবী, অসহায় ও ঝুঁকিপূর্ণ শিক্ষার্থীদের আর্থিক সহায়তা, উপবৃত্তি, শিক্ষা উপকরণ প্রদান এবং দক্ষতা উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন;

খ) শিক্ষা উন্নয়নে সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান ও সমাজের বিত্তশালী ব্যক্তিদের সম্পৃক্তকরণ;

গ) দাতা সদস্য অন্তর্ভুক্তি ও তহবিল সম্প্রসারণ।

ঘ) তহবিলের অর্থের যথাযথ ব্যবহার, সংরক্ষণ ও নিরাপত্তা নিশ্চিতকরণ;

ঙ) তহবিলের অর্থ বিনিয়োগ এবং এ-সংক্রান্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

চ) আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ ও নিরীক্ষার ব্যবস্থা গ্রহণ;

ছ) প্রতি অর্থবছর শেষে আয়, ব্যয়, বিনিয়োগ ও কার্যক্রম সম্পর্কিত প্রতিবেদন প্রস্তুত ও উপস্থাপন;

জ) ট্রাস্টের উদ্দেশ্য বাস্তবায়নে প্রয়োজনীয় সকল আনুষঙ্গিক কার্যক্রম গ্রহণ।

## ৬। তহবিল গঠন ও পরিচালনা

১. ট্রাস্টের উদ্দেশ্য বাস্তবায়নের জন্য **"গফরগাঁও উপজেলা শিক্ষা সহায়তা ট্রাস্ট তহবিল"** নামে একটি তহবিল গঠিত হবে, যা সমাজসেবা অফিস/যথাযথ কর্তৃপক্ষ এর অধীন নিবন্ধিত হবে।

২. তহবিল নিম্নবর্ণিত উৎস হতে প্রাপ্ত অর্থ দ্বারা গঠিত হবে-

ক) সরকার বা সরকারি প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত অনুদান;

খ) ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা কর্তৃক প্রদত্ত দান ও অনুদান;

গ) তহবিলের বিনিয়োগ হতে অর্জিত মুনাফা;

ঘ) সরকার অনুমোদিত অন্যান্য বৈধ উৎস হতে প্রাপ্ত অর্থ।

৩. তহবিল বাংলাদেশি মুদ্রায় সংরক্ষিত হবে।

৪. তহবিল পরিচালনার জন্য একটি পৃথক ব্যাংক হিসাব খোলা হবে।

৫. ব্যাংক হিসাব উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।

## ৮। প্রধান পৃষ্ঠপোষক

ময়মনসিংহ জেলার জেলা প্রশাসক ট্রাস্টের প্রধান পৃষ্ঠপোষক হিসেবে দায়িত্ব পালন করবেন। এছাড়া তিনি প্রয়োজন অনুযায়ী সময় সময় ট্রাস্টি বোর্ডকে পরামর্শ ও দিকনির্দেশনা প্রদান করবেন।

## ৯। উপদেষ্টা পরিষদ

১. নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি উপদেষ্টা পরিষদ গঠিত হবে-

ক) স্থানীয় জাতীয় সংসদ সদস্য

খ) উপজেলা পরিষদ চেয়ারম্যান

২. উপধারা (১) এর অধীন উপদেষ্টা পরিষদ প্রয়োজন অনুযায়ী ট্রাস্টি বোর্ডকে পরামর্শ ও দিকনির্দেশনা প্রদান করবে।

## ১০। ট্রাস্টি বোর্ডের গঠন

১. নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে ট্রাস্টি বোর্ড গঠিত হবে-

ক) **উপজেলা নির্বাহী অফিসার - সভাপতি;**

খ) সহকারী কমিশনার (ভূমি) -সদস্য;

গ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা - সদস্য;

ঘ) অফিসার-ইন-চার্জ, ............ থানা - সদস্য;
ঙ) উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা -সদস্য;
চ) উপজেলা সমাজসেবা কর্মকর্তা -সদস্য;
ছ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা - সদস্য;
জ) সরকারি/বেসরকারি কলেজের প্রতিনিধি (১ জন করে)- সদস্য; (সভাপতি কর্তৃক মনোনীত)
ঝ) সরকারি/বেসরকারি স্কুল/মাদ্রাসার প্রতিনিধি (১ জন করে) - সদস্য; (সভাপতি কর্তৃক মনোনীত)
ঞ) মনোনীত গন্যমান্য ব্যক্তি (০৩ জন)- সদস্য; (সভাপতি কর্তৃক মনোনীত)
ট) মনোনীত ব্যবসায়ী প্রতিনিধি (০১ জন)- সদস্য; (সভাপতি কর্তৃক মনোনীত)
**ঠ) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা - সদস্য-সচিব।**

২. উপধারা (১) অধীন গঠিত ট্রাস্টি বোর্ড প্রয়োজন অনুসারে সর্বসম্মতিক্রমে অথবা সংখ্যাগরিষ্ঠ মতামতের ভিত্তিতে অতিরিক্ত সদস্য কো-অপট করতে পারবে।

**১৩। আর্থিক সহায়তা প্রাপ্তির যোগ্যতা**

১. প্রথম শ্রেণি হতে উচ্চশিক্ষা পর্যায় পর্যন্ত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীরা আর্থিক সহায়তার জন্য বিবেচিত হবে।

২. প্রতিবন্ধী, এতিম, ভূমিহীন,ক্ষুদ্র নৃগোষ্ঠী, অসচ্ছল মুক্তিযোদ্ধা/জুলাই অভ্যুত্থানে আহত বা শহীদ পরিবারের সন্তান, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত ও দুঃস্থ পরিবারের সন্তানদের অগ্রাধিকার প্রদান করা হবে।

৩. গণমাধ্যমে প্রকাশিত "অদম্য মেধাবী" শিক্ষার্থীদের সহায়তার জন্য ট্রাস্ট বিশেষ উদ্যোগ গ্রহণ করতে পারবে।

**১৪। আবেদন ও বাস্তবায়ন প্রক্রিয়া**

ক) নির্ধারিত ফরমে আবেদন করতে হবে;
খ) আবেদনপত্রের সঙ্গে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে;
গ) নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন দাখিল করতে হবে;
ঘ) সর্বশেষ পরীক্ষার নম্বরপত্র সংযুক্ত করতে হবে;
ঙ) যাচাই-বাছাই শেষে কমিটি সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করবে এবং এ সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;
চ) ভর্তি ফি, বই ক্রয়, বেতন ও অন্যান্য শিক্ষা ব্যয়ের জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করা যেতে পারে।

**১৫। ট্রাস্ট মনিটরিং কমিটি গঠন**

১. নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে জেলা পর্যায়ের **"ট্রাস্ট মনিটরিং কমিটি"** গঠিত হবে-
**ক) জেলা প্রশাসক, ময়মনসিংহ - আহবায়ক;**
খ) পুলিশ সুপার, ময়মনসিংহ - সদস্য;
গ) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) - সদস্য;
ঘ) উপজেলা নির্বাহী অফিসার, ............ - সদস্য;
ঙ) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের প্রতিনিধি (১ জন) - সদস্য;
চ) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার - সদস্য;
ছ) মনোনীত শিক্ষাবিদ (১ জন) - সদস্য; (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)
জ) মনোনীত গণ্যমান্য ব্যক্তি (২ জন) - সদস্য; (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)
ঝ) বেসরকারি স্কুল/কলেজের প্রধান (১ জন) - সদস্য; (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)
**ঞ) জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ - সদস্য-সচিব।**

২. উপধারা (১) এ অধীন মনিটরিং কমিটি ............ উপজেলা শিক্ষা সহায়তা ট্রাস্টি বোর্ড এর সকল কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণ করে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করবেন।

**১৬। হিসাব সংরক্ষণ ও নিরীক্ষা**

(১) ট্রাস্টের সকল আয়-ব্যয়ের হিসাব যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
(২) ট্রাস্টের নামে পৃথক হিসাব বই, ব্যাংক হিসাব ও রেজিস্টার সংরক্ষণ করা হবে।
**(৩) গফরগাঁও উপজেলায় উক্ত তহবিল পরিচালনার নিমিত্ত পুবালী ব্যাংক পিএলসি, গফরগাঁও শাখা, ময়মনসিংহে গফরগাঁও উপজেলা শিক্ষা সহায়তা ট্রাস্ট তহবিল নামে সঞ্চয়ী হিসাব নম্বর ৫৮০০১০১০১৪৩৮৭ খোলা হয়েছে।**

**১৭। বার্ষিক প্রতিবেদন**

(১) প্রতি বছর শেষে ট্রাস্টের কার্যক্রম, আয়-ব্যয়, সহায়তাপ্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা এবং ভবিষ্যৎ পরিকল্পনা সংবলিত একটি বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করে জেলা পর্যায়ের "ট্রাস্ট মনিটরিং কমিটি" এর কাছে জমা প্রদান করতে হবে।
(২) উক্ত প্রতিবেদন ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদিত হবে।